# বার্ষিক প্রতিবেদন

# ২০২২-২০২৩

প্রকাশনায়

জেলা সমবায় কার্যালয়

চাঁপাইনবাবগঞ্জ।



বিভাগীয় কমিশনার, রাজশাহী

# বাণী

দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে সমবায়ের অবদান তুলে ধরার জন্য সমবায় বিভাগ, রাজশাহী কর্তৃক বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর আজন্ম স্বপ্ন ছিল একটি সুখী ও সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়ার। তারই ধারাবাহিকতায় সরকারের 'ভিশন ২০৪১' বাস্তবায়নে সমবায় বিভাগ অগ্রণী ভূমিকা পালন করে আসছে। গ্রামীণ জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচন, আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি ও নারীর ক্ষমতায়নে সমবায় সমিতিগুলো গুরত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

এ প্রতিবেদনে সমবায় কার্যক্রমের পরিসংখ্যান হিসেবে সমবায় সমিতিগুলোর সংখ্যা, সদস্য, কার্যকরী মূলধন, ঋণ বিতরণ, কর্মসংস্থান সৃষ্টি, প্রশিক্ষণ, সরকারি রাজস্ব আদায়, মুনাফা ও লভ্যাংশ বিতরণের পাশাপাশি মাঠ পর্যায়ের বিভিন্ন সমবায় দপ্তরের কার্যক্রম ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর মাধ্যমে সমবায়ীদের সক্ষমতা ও আয়বর্ধনমূলক কর্মকাণ্ড বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত পরিসংখ্যান তুলে ধরা হয়েছে।

গ্রামীণ অর্থনীতিকে সচল রাখতে অব্যাহতভাবে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে সমবায় বিভাগ কাজ করে যাচ্ছে এবং সক্রিয়ভাবে অবদান রেখে চলেছে। বিভিন্ন ভোগ্য ও ব্যবহার্য পণ্য উৎপাদন ও বিপণন ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে আয়-বৈষম্য দূরীকরণ ও জাতীয় অর্থনীতিকে শক্তিশালীকরণে দৃশ্যমান অবদান রাখছে সমবায়। জাতির পিতার সমবায় ভাবনার আলোকে 'সমবায়ে গড়ছি দেশ, স্মার্ট হবে বাংলাদেশ' শ্লোগানটি ধারণ করে বঙ্গবন্ধুর কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ আরও এগিয়ে যাবে বলে আমি মনে করি।

প্রতিবেদনটি সমবায় বিভাগ, রাজশাহী এর কার্যক্রম প্রচারে অবদান রাখবে এবং সমবায় কর্মকাণ্ড সম্পর্কে জানতে আগ্রহী সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নিকট সমাদৃত হবে বলে আমি বিশ্বাস করি। প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সম্পাদনার সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

জয় বাংলা

বাংলাদেশ চিরজীবী হোক

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর



যুগ্মনিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী

# মুখবন্ধ

সমবায় এমন একটি উন্নয়ন-পদ্ধতি যা সমাজের সকল শ্রেণির মানুষ নিজেদের সার্বিক উন্নয়নের জন্য সমানভাবে অনুসরণ করতে পারেন। বলা যায় এ হচ্ছে এক ধরনের সাম্যবাদী গণতান্ত্রিক উন্নয়ন মডেল। সমবায়ের মূল উদ্দেশ্য হচ্ছে আর্থ-সামাজিকভাবে শোষিত, বঞ্চিত ও পিছিয়ে পড়া জনশ্রেণিকে জমিদার-মহাজনদের মাত্রাতিরিক্ত শোষণ থেকে মুক্ত করা। তারই প্রেক্ষিতে সাধারণ মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, নারীর ক্ষমতায়ন ও দারিদ্র্য বিমোচনে সমবায় সমিতিগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। রাজশাহী বিভাগের সমবায় সমিতিসূমহ দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে যে অবদান রাখছে তার একটি চিত্র তুলে ধরার জন্য বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ প্রকাশিত হলো।

রাজশাহী বিভাগে বর্তমানে ৩৫ প্রকারের সমবায় সমিতি রয়েছে। ৩০ জুন, ২০২৩ তারিখ পর্যন্ত মোট কার্যকর সমিতির সংখ্যা ১১৫৬৯ টি; যার সদস্য সংখ্যা ৯.৩০ লক্ষ জন। এ সকল সমবায় সমিতির বেশির ভাগই ক্ষুদ্র আয়ের জনগোষ্ঠীর মাঝে চাহিদা ভিত্তিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এবং তার ভিত্তিতে ঋণ সুবিধা প্রদান করে দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। তারই ফলস্বরুপ এ বিভাগের বেশ কিছু সংখ্যক সমবায় সমিতি জাতীয় পুরস্কার প্রাপ্ত হয়। নারীর ক্ষমতায়নের লক্ষ্যে ২৮টি বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব মহিলা সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং 'দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ' শীর্ষক প্রকল্পের কার্যক্রম ৪টি উপজেলায় শুরু হয়েছে। নারীর ক্ষমতায়নের প্রেক্ষাপটে এ বিভাগের প্রায় ৯৮৫ জন নারী সমবায়ীকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

জাতির পিতার সমবায় ভাবনার আলোকে 'সমবায়ে গড়ছি দেশ, স্মার্ট হবে বাংলাদেশ' শ্লোগানটি কাজে লাগিয়ে দেশ আরও এগিয়ে যাবে। তাঁর এ উন্নয়ন ভাবনাকে কাজে লাগিয়ে সমবায়ের মাধ্যমে সমাজের বৈষম্য দূর করে আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়া সম্ভব হবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

যে সকল সহকর্মী বার্ষিক প্রতিবেদন প্রস্তুতির কাজে বিভিন্নভাবে সহযোগিতা প্রদান করেছেন তাঁদের অশেষ ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাচ্ছি।

মোঃ মোখলেছুর রহমান

# চাঁপাইনবাবগঞ্জ জেলার বার্ষিক প্রতিবেদন প্রকাশ

## ২০২২-২০২৩

### *জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এর বিগত ০৩ বৎসরের অর্জিত সাফল্য :*

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে । কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে এ জেলায় উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়। বিগত তিন বছরে মোট ১৮৭ টি নতুন সমবায় সমিতি গঠন এবং ৩৭৪০ জন কে নতুনভাবে সমবায়ে সদস্যভুক্ত করা হয়েছে। ২০১৯-২০ সনে ১০৬৭টি, ২০২০-২১ সনে ১১৩৯টি এবং ২০২১-২২ সনে ১১৪৩টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়। ভ্রাম্যমাণ টিমের মাধ্যমে ১৫০০জন সমবায়ীকে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ‘সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরণ প্রকল্প’ এবং ‘ফ্যামিলী ওয়েলফেয়ার প্রকল্প’ এর আওতায় সৃষ্ট আবর্তক তহবিল হতে ০৯ জন সমবায়ী উদ্যোক্তাকে ক্রমপুঞ্জিভুত ১৬২০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। চাহিদাভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ১৫,০৫০ জনের স্ব-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও ‘রূপকল্প ২০৪১’, ‘এসডিজি’ অর্জন এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পের কিছু কার্যক্রম এ জেলায় সমবায় বিভাগে বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত ও চলমান এ সকল প্রকল্পগুলোর মাধ্যমে বিগত ০৩ বছরে ৫২৫ জন গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বী করা হয়েছে। এছাড়া প্রধানমন্ত্রীর দপ্তরের আশ্রয়ণ প্রকল্পের আওতায় ১৫৫৪৪৬০০/- টাকা ঋণ বিতরণ এবং ১২৫৪০৬৪১/- টাকা আদায় করা হয়েছে।

### *সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ*

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে রাজশাহী বিভাগের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে চাঁপাইনবাবগঞ্জ জেলা সমবায় কার্যালয়ের চ্যালেঞ্জ বহুবিধ। এ জেলায় নিবন্ধিত সমবায় এর সংখ্যা ১৩৮৮টি । নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ বিপুল সংখ্যক সমবায় সমিতিতে সুশাসন প্রতিষ্ঠার জন্য পরিদর্শন, নিরীক্ষাসহ অন্যান্য বিধিবদ্ধ পদ্ধতি ব্যবহার করে নিবিড়ভাবে মনিটরিং করা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান এ সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল, যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। তাছাড়া মাঠপর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপকভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

### *ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ*

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যস্ত সমবায় সমিতি অবসায়ন কার্যক্রম দ্রুত নিষ্পত্তি করা, ই-রেজিস্ট্রেশন কার্যক্রম চালু এবং ই-সার্ভিসের আওতায় বিদ্যমান সমবায় সমিতিগুলোর প্রোফাইল ব্যবস্থাপনার জন্য অনলাইনে রিরেজিস্ট্রেশন কার্যক্রম চালু করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। পাশাপাশি উপজেলা ভিত্তিক নির্দিষ্ট সংখ্যক সমবায় সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে জেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা এবং ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায়ী উদ্যোক্তা সৃষ্টি ও স্ব-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, সুবিধাবঞ্চিত অনগ্রসর জনগোষ্ঠীর মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণের নিমিত্ত সমবায় অধিদপ্তরে সুনির্দিষ্ট প্রস্তাব দাখিল করা হবে।

# চাঁপাইনবাবগঞ্জ জেলার ক্যাটাগরি ওয়ারি ২০২২-২৩ অর্থ বছরে বরাদ্দকৃত কার্যকর ও অকার্যকর প্রাথমিক সমবায় সমিতির তথ্য

| নং | ক্যাটাগরির নাম | সমিতির সংখ্যা |
|---|---|---|
| ১ | কৃষি বা কৃষক | ৩ |
| ২ | মৎস্যজীবী বা মৎস্যচাষী | ২৫৬ |
| ৩ | শ্রমজীবী | ৪৪ |
| ৪ | মৃৎশিল্পী | ০ |
| ৫ | তাঁতী | ০ |
| ৬ | ভূমিহীন | ১ |
| ৭ | বিত্তহীন | ০ |
| ৮ | মহিলা | ৪৮ |
| ৯ | অটোরিক্সা, অটোটেম্পো, টেক্সিক্যাব, মটর,ট্রাকবাট্যাংকলরীচালক | ৮ |
| ১০ | হকার্স | ০ |
| ১১ | পরিবহন মালিক বা শ্রমিক | ৯ |
| ১২ | কর্মচারী | ২ |
| ১৩ | দুগ্ধ | ০ |
| ১৪ | মুক্তিযোদ্ধা | ৭ |
| ১৫ | যুব | ১৩ |
| ১৬ | পানি ব্যবস্থাপনা | ২৪ |
| ১৭ | সার্বিক গ্রাম উন্নয়ন | ১৫৬ |
| ১৮ | গৃহায়ণ বা হাউজিং | ০ |
| ১৯ | ফ্ল্যাট বা এপার্টমেন্ট মালিক | ০ |
| ২০ | দোকান মালিক বা ব্যবসায়ী বা মার্কেট | ৩৩ |
| ২১ | ভোগ্যপণ্য | ৪৭ |
| ২২ | সঞ্চয় ও ঋণদান | ৮৬ |
| ২৩ | কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন | ০ |
| ২৪ | কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি | ০ |
| ২৫ | বহুমুখী | ১১ |
| ২৬ | উৎপাদনমুখী | ১১ |
| ২৭ | ক্ষুদ্র ব্যবসায়ী | ৫৮ |
| ২৮ | পেশাজীবী | ২ |
| ২৯ | ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক | ৩০ |
| ৩০ | প্রক্রিয়াজাতকরণ | ০ |
| ৩১ | পর্যটন শিল্প | ০ |
| ৩২ | বঙ্গমাতা মহিলা | ২ |
| ৩৩ | অন্যান্য | ৭১ |
| ৩৪ | আশ্রয়ণ | ৩১ |
| ৩৫ | সমবায় ব্যাংক | ৮৬ |
| ৩৬ | কালব | ৩ |
| ৩৭ | সি আই জি | ২৩৩ |
| মোট সমিতির সংখ্যা ঃ | | ১২৭৫ |

০১। জেলা সমবায় অফিসের জনবল সম্পর্কিত তথ্যঃ

| ক্রঃ নং | পদের নাম | মোট মঞ্জুরীকৃত পদের সংখ্যা | মোট কর্মরত পদের সংখ্যা | মোট শূন্য পদের সংখ্যা | যে কার্যালয়ে পদ শূন্য রহিয়াছে | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | জেলা সমবায় অফিসার | ০১ | -- | ০১ | জেলা সমবায় দপ্তর চাঁপাইনবাবগঞ্জ | শূন্যপদ |
| ০২ | উপ-সহকারী নিবন্ধক | ০১ | ০১ | -- | - | - |
| ০৩ | জেলা অডিটর | ০১ | ০ | ০১ | - | শূন্যপদ |
| ০৪ | পরিদর্শক | ০৭ | ০৩ | ০৪ | জেলা সমবায় দপ্তর চাঁপাইনবাবগঞ্জ | - |
| ০৫ | সরেজমিনে তদন্তকারী | ০১ | ০১ | -- | - | - |
| ০৬ | প্রশিক্ষক | ০১ | ০ | ০১ | জেলা সমবায় দপ্তর চাঁপাইনবাবগঞ্জ | শূন্যপদ |
| ০৭ | সহকারী প্রশিক্ষক | ০১ | ০ | ০১ | - | শূন্যপদ |
| ০৮ | তাঁত তত্বাবধায়ক | ০১ | -- | ০১ | জেলা সমবায় দপ্তর চাঁপাইনবাবগঞ্জ | শূন্যপদ |
| ০৯ | উচ্চমান সহকারী | ০১ | ০১ | -- | - | - |
| ১০ | হিসাব রক্ষক | ০১ | ০১ | -- | - | - |
| ১১ | ক্যাশিয়ার | ০১ | -- | ০১ | জেলা সমবায় দপ্তর চাঁপাইনবাবগঞ্জ | শূন্যপদ |
| ১২ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০১ | ০১ | -- | - | - |
| ১৩ | ক্যাশ সরকার | ০১ | ০১ | -- | - | - |
| ১৪ | অফিস সহায়ক | ০৫ | ০৩ | ০২ | জেলা সমবায় দপ্তর চাঁপাইনবাবগঞ্জ | শূন্যপদ |
| ১৫ | নিরাপত্তা প্রহরী | ০১ | ০১ | -- | - | - |
| | **জেলার মোট** | **২৫** | **১৩** | **১২** | | |
| | উপজেলা পর্যায় | | | | | |
| ১ | উপজেলা সমবায় অফিসার | ০৫ | ০২ | ০৩ | - | - |
| ২ | সহকারী পরিদর্শক | ১০ | ০৯ | ০১ | | |
| ৩ | অফিস সহঃ কাম কম্পিউটার অপারেটর | ০৫ | ০৪ | ০১ | - | - |
| ৪ | অফিস সহায়ক | ০৫ | ০৩ | ০২ | -- | -- |
| | **উপজেলার মোট** | **২৫** | **১৮** | **০৭** | | |
| | **সর্বমোট=** | **৫০** | **৩১** | **১৯** | | |

০২। সমবায় সমিতির সংখ্যা সম্পর্কিত তথ্যঃ

ক)কেন্দ্রীয় সমবায় সমিতিঃ

| ক্রঃ নং | সমিতির শ্রেণী | সংখ্যা |
|---|---|---|
| ১. | ২. | ৩. |
| ১. | কেন্দ্রীয় সাধারন | ৩ |
| ২. | কেন্দ্রীয় বিআরডিবি | ১০ |
| | মোট | ১৩ |

খ)প্রাথমিক সমবায় সমিতিঃ

| ক্রঃ নং | সমিতির শ্রেণী | সংখ্যা |
|---|---|---|
| ১. | ২. | ৩. |
| ১. | প্রাথমিক সাধারন | ১২৭৫ |
| ২. | প্রাথমিক বিআরডিবি | ১৩৯৮ |
| | মোট | ২৬৭৩ |

০৩। ২০২১-২০২২ খ্রিষ্টাব্দের নিরীক্ষা/অডিট সংক্রান্ত তথ্যঃ

| সমিতির শ্রেণী | অডিট বরাদ্দ | অডিট সমাপ্ত | অডিট সম্পাদন বাকী |
|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. |
| কেন্দ্রীয় সমিতি | ১৩ | ১৩ | ০ |
| প্রাথমিক সমিতি | ১১৪৩ | ১১৪৩ | ০ |
| মোট | ১১৫৬ | ১১৫৬ | ০ |

০৪। কেন্দ্রীয় সমবায় সমিতির সদস্য সমিতির সংখ্যাঃ

| সমিতির প্রকার | সদস্য সংখ্যা |
|---|---|
| ১. | ২. |
| কেন্দ্রীয় সাধারন | ১২০ |
| কেন্দ্রীয় বিআরডিবি | ১২০৬ |
| মোট | ১৩২৬ |

০৫। প্রাথমিক সমবায় সমিতির সদস্য  সংখ্যাঃ

| সমিতির প্রকার | সদস্য সংখ্যা |
|---|---|
| ১. | ২. |
| প্রাথমিক বিআরডিবি সমিতি | ৩১৩৮৪ |
| প্রাথমিক সাধারন সমিতি | ৪৭৫১৭ |
| মোট | ৭৮৯০১ |

০৬। সমিতির আদায়কৃত মূলধনঃ

| ক্রঃনং | সমিতির প্রকার | সমিতির সংখ্যা | শেয়ার (লক্ষ টাকায়) | সঞ্চয় (লক্ষ টাকায়) | কার্যকরী মূলধন (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|---|
| ১. | প্রাথমিক সাধারন | ১১৪৬ | ৪১৩.৫৩ | ৯০২.৮৯ | ১৩১৬.৪২ |
| ২. | প্রাথমিক বিআরডিবি | ১৩৯৮ | ৭০৭.০৮ | ২৮১০.৩ | ৩৫১৭.৩৮ |
| | মোট | ২৫৪৪ | ১১২০.৬১ | ৩৭১৩.১৯ | ৪৮৩৩.৮ |

০৭। সমিতির নিরীক্ষা/অডিট ফিঃ

| বৎসর | ধার্য | আদায় | মওকুফ | বাকী | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ২০২১-২২ | ৩৪৩২০০ | ৩৪৩২০০ | - | - | ১০০% |
| ২০২০-২১ | ৩৩১০৬০.০০ | ৩২৯২০০.০০ | ০.০০ | ১৮৬০.০০ | ৯৯ % |

০৮। সমিতির সমবায় উন্নয়ন তহবিলঃ

| বৎসর | ধার্য | আদায় | মওকুফ | বাকী | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ২০২১-২২ | ২৮৯০১৮ | ২৮৯০১৮ | - | - | ১০০% |
| **২০২০-২১** | ২১৮৫২৫.০০ | ২১৮৫২৫.০০ | | ০.০০ | ১০০ % |

০৯। নিজস্ব তহবিল থেকে কর্জ দাদন সংক্রান্ত তথ্যঃ

| নিজস্ব তহবিল থেকে কর্জ দাদনকৃত সমিতির সংখ্যা | দাদনকৃত কর্জের পরিমান | কর্জ আদায়ের পরিমান | আদায়ের হার |
|---|---|---|---|
| ৮৮২ | ৬২৫৯৮১৯০৯/- | ৫২৮৪২০২১৫/- | ৮৪% |

১০। লভ্যাংশ বিতরণ সংক্রান্ত তথ্যঃ

| অডিট বর্ষ | লভ্যাংশ বিতরণকারী সমিতির সংখ্যা | লভ্যাংশ বিতরণের পরিমান | লভ্যাংশ গ্রহনকৃত সদস্য সংখ্যা |
|---|---|---|---|
| ২০২১-২২ | ৬৬০ | ৩০.০৯ | ১০৫৫০ |

১১। সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরন প্রকল্পের আওতায় ক্ষুদ্র ঋণ সংক্রান্ত তথ্যঃ

| প্রকল্পের নাম | সরকার হতে প্রাপ্ত অর্থের পরিমান | উপকারভোগীদের মাঝে প্রদত্ত অর্থের পরিমান | উপকারভোগীর সংখ্যা | আদায়ের হার % | অন্যান্য তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| শক্তিশালীকরণ | ৩০০০০/- | ১৬৫০০০/- | ১১ | ১০০% | ০ | ০ |

১২। আশ্রয়ন/আশ্রয়ন ফেইজ-২ প্রকল্পের তথ্যঃ

| প্রকল্পের নাম | সরকার হতে প্রাপ্ত অর্থের পরিমান | উপকারভোগীদের মাঝে প্রদত্ত অর্থের পরিমান | উপকারভোগীর সংখ্যা | আদায়ের হার % | অন্যান্য তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| আশ্রয়ন | ২১২০০০০/= | ১১৪৬৪০০০/= | ৪৫৬ | ৯৮% | ০ | ০ |

১৩। ভ্রাম্যমান প্রশিক্ষন সংক্রান্ত তথ্যঃ

| ক্রঃনং | জেলার নাম | এ বছরের লক্ষ্যমাত্রা | জুন/২০২৩ মাস পর্যন্ত সমাপ্ত কোর্সের সংখ্যা | মোট কোর্সের সংখ্যা | প্রশিক্ষণের অংশগ্রহণকারী সদস্যের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | চাঁপাইনবাবগঞ্জ | ৩৫০ | ১৪ | ১৪ | ৩৫০ | |

১৪। আইজিএ প্রশিক্ষন সংক্রান্ত তথ্যঃ

| প্রশিক্ষনের ধরণ | প্রশিক্ষনার্থীর ধরণ | কোর্স সংখ্যা | প্রশিক্ষনার্থীর সংখ্যা | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | পুরুষ | মহিলা | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| আইজিএ | সমবায়ী | ০৩ | ০ | ৭৫ | ৭৫ | |

১৫। সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়াধীন উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন” শীর্ষক প্রকল্প:-

| প্রকল্পের নাম | সরকার হতে প্রাপ্ত অর্থের পরিমান | উপকারভোগীদের মাঝে প্রদত্ত অর্থের পরিমান | উপকারভোগীর সংখ্যা | আদায়ের হার % | অন্যান্য তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| গাভীপ্রকল্প | ২৪০০০০০০/= | ৩৪৩০০০০০/= | ২০০ | ৮৬.৭৭% | ০ | ০ |

# "একটি সফল সমবায় সমিতি- "অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ"



অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর পক্ষে  ২০১৪ইং সনে জাতীয় সমবায় পুরস্কার করেন তৎকালীন সম্পাদক

সমবায় শক্তি, সমবায়ই মুক্তি এই স্লোগানকে সামনে রেখে দারিদ্র বিমোচন ও কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ১৯৯৬ সালে অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর আত্মপ্রকাশ ঘটে। অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতিটি চাঁপাইনবাবগঞ্জ সদরের গণকা গ্রামে অবস্থিত। সমিতিটির নিবন্ধন নং- ০১,  তারিখ- ০৯/০৫/১৯৯৬ ইং, সংশোধিত নিবন্ধন নং-০২, তারিখঃ- ০১/০৭/২০১৩ইং। চাঁপাই নবাবগঞ্জ সদর উপজেলাধীন অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ চাঁপাইনবাবগঞ্জের কৃষি ক্যাটাগরীতে ২০১৪ইং সনে জাতীয় সমবায় পুরস্কারে ভূষিত হয়েছিল।

সমিতির প্রতিষ্ঠা কালিন সদস্য ছিল ৪০ জন। কালের বিবর্তনে আজ তা ২২৫৩ জনে এসে ঠেকেছে। সমিতির সদস্যরা অত্যান্ত সচেতন। তারা নিয়মিত শেয়ার সঞ্চয় জমার পাশাপাশি সমিতির উন্নয়নের জন্য সবসময় সচেষ্ট। সমিতির ব্যবস্থাপনা কমিটির  সদস্যদের সঙ্গে কথা বলে জানা যায় সমিতির সভ্য নির্বাচনী  এলাকার আঠারো বছরের উপরে সকলকে এই সমিতির অর্ন্তভূক্ত উদ্দ্যোগ নিয়েছে।



বার্ষিক সাধারন সভার একাংশের স্থির চিত্র





সমিতিটির ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ

সমিতির নিজস্ব মুলধন ৫৯৩৭৫৩৯৯/= টাকা, সঞ্চয় আমানত ৫১২৩২১২৮/= টাকা আদায় করা হয়েছে। গ্রহন,শেয়ার বিক্রয় করে পুঁজি গঠন এবং উক্ত পুঁজি সদস্যদের আয়বর্ধক কর্মসূচীতে বিনিয়োগ ও সেচ প্রকল্প গ্রহন সদস্যদের আবাদযোগ্য জমিতে পাকা নালা ও কাঁচা নালার মাধ্যমে সেচ দিয়ে ফসল উৎপাদনের মাধ্যমে আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন করাই সমিতির প্রধান লক্ষ্য।

সমিতির বিগত বছরগুলোতে উল্লেখযোগ্য কর্মকান্ডের মধ্যে সমিতির আর্থ সামাজিক উন্নয়ন সাধনের জন্য সেচ প্রকল্পের আওতাভূক্ত চাষীদের সেচের মাধ্যমে দারিদ্র বিমোচন একটি বড় সাফল্য। সমিতিটির মাধ্যমে সর্বমোট ৫৩৫ হেক্টর জমিতে সেচ চাষ করে থাকে। সদস্য প্রায় ৪০০ জন সদস্যদের ক্ষুদ্র ঋণ গ্রহনের মাধ্যমে স্ব-কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। সমিতিতে ২২জন কর্মচারী রয়েছে।



সদস্যদের হাতে ক্ষুদ্র ঋণ তুলে দিচ্ছেন সমিতির সভাপতি



মহানন্দা নদী হতে এই সেচ যন্ত্রের সাহায্যে পানি তোলা হয়

অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর কর্ম এলাকা কৃষি প্রধান এলাকা। সেচ প্রকল্প গ্রহন সদস্যদের আবাদযোগ্য জমিতে পাকা নালা ও কাঁচা নালার মাধ্যমে সেচ দিয়ে ফসল উৎপাদন করলে দরিদ্র মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা হবে। সেই উদ্দেশ্যকে সামনে রেখে সমিতিটি সামনে এগিয়ে চলেছে।



সেচ যন্ত্রটি পরিচালনার করছেন সমিতিটির একজন দক্ষ কর্মচারী



সমিতির কৃষক সদস্যগন মাঠে কাজ করছেন

সমিতিটি নিয়মিত অডিট ফি ও সিডিএফ প্রদান করে থাকে। সমিতির প্রতিবছর মুনাফার অংশ হিসেবে লভ্যাংশ প্রদান করে থাকে। সমিতির নামে ০৫টি ব্যাংক হিসাব খোলা রয়েছে। যাবতীয় লেনদেন ব্যাংকের মাধ্যমে পরিচালিত হয়।



বিগত করোনা মহমারীতে দরিদ্র অসহায় সদস্যদের মাঝে ত্রান তুলে দিচ্ছেন সমিতির সভাপতি জনাব মোঃ আবুল কালাম শামসুদ্দিন



দরিদ্র সদস্যদের মেধাবী ছেলে-মেয়েদের বিনামূল্যে বই ও শিক্ষা সামগ্রী বিতরন করছেন সমিতির সভাপতি জনাব মোঃ আবুল কালাম শামসুদ্দিন

সমিতিতে এই বিশ্ব মহামারী করোনাকালে ৩৫০ জন অস্বচ্ছল ও দ্ররিদ্র সদস্যদের মাঝে গত ২৪/০৪/২০২০খ্রিঃ তারিখে ১,২০,৪০০/-টাকা মূল্যের চাল,ডাল,আলু ও সাবান বিতরন করেছে। দরিদ্র সদস্যদের মেধাবী ছেলে-মেয়েদের বিনামূল্যে বই ও শিক্ষা সামগ্রী বিতরন করা হয়েছে ।

পরিশেষে সকল সমবায়ী প্রতিনিধি,বিভিন্ন পেশাজীবী যে কোন সংস্থা/সংগঠনকে সমিতিটিতে পরিদর্শন করে সুচিন্তিত মতামত ও সু পরামর্শ কামনা করার জন্য অনুরোধ করা হলো।

## চাঁপাইনবাবগঞ্জ জেলার সফল/উদ্যোক্ত হিসাবে প্রতিষ্ঠিত মহিলা সমবায়ীর  তথ্য

| ক্রঃ নং | মহিলা সমবায়ীর নাম ও ঠিকানা ও মোবাইল নং | সমবায় সমিতির নাম, ঠিকানা ও রেজি: নং | সমিতির সদস্য হিসাবে অন্তর্ভূক্তির তারিখ | প্রাপ্ত প্রশিক্ষণ | প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম | গৃহীত কাযর্ক্রম | স্বকর্মসংস্থা/ কর্মসংস্থানের সংখ্যা | অন্যান্য সামাজিক কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | মোসাঃ  আয়েশা খাতুন<br>গ্রাম- ঘাটিয়ালপাড়া<br>ডাক- নামোশংকরবাটি<br>মোবাঃ ০১৭৬৭০১০৮৭২ | ঘাটিয়ালপাড়া হেনা মহিলা সঃসঃলিঃ<br>গ্রাম- ঘাটিয়ালপাড়া<br>ডাকঘর- নামোশংকরবাটি<br>রেজিঃ নং- ৩০<br>তারিখ-  ১৭/০৯/২০০৯ | ০১/০৭/০৯ | ব্লক  বাটিক | আঞ্চলিক সমবায় শিক্ষায়তন,নওগাঁ। | সদস্যদের মধ্যে ঋণ দাদন। | ১০ জন | বৃক্ষরোপন, কৃতি ছাত্র ছাত্রীদের শিক্ষা সহায়তা প্রদান, সমিতির উদ্যোগে সদস্যদের আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান। | |
| ২ | মোসাঃ  ফাতেমা জোহরা<br>গ্রাম- উপর রাজারামপুর<br>ডাক- উপর রাজারামপুর<br>মোবাঃ০১৭৩২৭৩১৬৮৮ | উপর রাজারামপুর কল্যাণী মহিলা  সঃসঃলিঃ<br>গ্রাম- উপর রাজারামপুর<br>ডাক- উপর রাজারামপুর<br>রেজিঃ নং- ৩৬<br>তারিখ-  ২৪/০৬/২০০৮ | ২০/০৯/১০ | ব্লক  বাটিক, অফিস ব্যবস্থাপনা | আঞ্চলিক সমবায় শিক্ষায়তন,নওগাঁ। | সদস্যদের মধ্যে ঋণ দাদন। | ১২ জন | শীতবস্ত্র বিতরণ, ধর্মীয় শিক্ষার ব্যবস্থা, লাশ দাফান-কাফন, আয়বর্ধক প্রশিক্ষণ। | |
| ৩ | মোসাঃ  সায়েরা খাতুন<br>গ্রাম- ভাবুক<br>ডাক- আমনুরা মোবাঃ ০১৭২৬৩৪৫৪৩৮ | ভাবুক রজনীগন্ধা মহিলা সঃসঃলিঃ<br>গ্রাম- ভাবুক,ডাকঘর- আমনুরা<br>রেজিঃ নং- ০৬<br>তারিখ-  ০৮/০৭/২০০৯ | ০৮/০৭/০৯ | ব্লক  বাটিক | আঞ্চলিক সমবায় শিক্ষায়তন,নওগাঁ। | সদস্যদের মধ্যে ঋণ দাদন। | ০৭ জন | বৃক্ষরোপন, দরিদ্রদের আর্থিক সহায়তা প্রদান | |
| ৪ | মোসাঃ রহিমা খাতুন<br>গ্রামঃ নাচোল বাসস্ট্যান্ড<br>নাচোল,চাঁপাইনবাবগঞ্জ।<br>০১৭৩১২৮১৫৭৮ | নাচোল বাসস্ট্যান্ড সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ<br>রেজিঃ নং- ৪৯<br>তারিখ-২৮-০৪-২০১১ | ২৮/০৪/২০১১ | ব্লক বাটিক | আঞ্চলিক সমবায় শিক্ষায়তন,নওগাঁ। | ব্লক বাটিক দর্জি নকশী কাঁথা | ০৭ | বাল্যবিবাহ রোধ | |
| ৫ | মোসাঃ রাজেফা খাতুন<br>গ্রামঃ বহরইল<br>নাচোল,চাঁপাইনবাবগঞ্জ।<br>০১৭৭৩৭১৩২৬৮ | বহরইল মাধবী মহিলা সমবায় সমিতি লিঃ<br>রেজিঃ নং- ১০৮<br>তারিখ-২০-০৬-২০১৯ | ২৫/০৭/২০১৯ | ব্লক বাটিক | আঞ্চলিক সমবায় শিক্ষায়তন,নওগাঁ। | ব্লক বাটিক দর্জি নকশী কাঁথা | ০৮ | যৌতুক প্রথা রোধ | |

## জেলায় সমবায়ের মাধ্যমে চলমান প্রকল্প সমুহঃ

১. আশ্রয়ণ প্রকল্প/আশ্রয়ণ ফেইজ-২

২. সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প।

৩. উন্নতজাতের গাভীপালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প।

৪. বঙ্গমাতা মহিলা সমবায় সমিতি লিঃ

৫. শক্তিশালী করণ প্রকল্প।

# সমবায় পুরস্কার বিজয়ী সমবায় সমিতি লিঃ এর তথ্য

## জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ

| নং | সমিতির নাম নিবন্ধন নং ও তারিখ | পূর্ণাঙ্গ ঠিকানা | সমিতির মৌলিক কাজ সর্বোচ্চ ৩ | সদস্য | | | জমির পরিমাণ ও মূল্য | শেয়ার মূলধন | সঞ্চয় আমানত | বিতরণকৃত ঋণ স্থিতি | বিনিয়োগ (ঋণ ব্যতীত) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | পুরুষ | মহিলা | মোট | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | দারিয়াপুর পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ মূল নিবন্ধন নং-০৯, তারিখ-০৪/১২/২০০৭ সংশোধিত নিবন্ধন নং-১৩৮৯, তারিখ-২৯/০৫/২০১৬ | গ্রাম-দারিয়াপুর, ডাকঘর-চৌহদ্দিটোলা, উপজেলা-চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ। | ১। সদস্যদের কাছ থেকে শেয়ার ও সঞ্চয় আদায়ের মাধ্যমে মূলধন গঠন। ২। ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন, সুষম সেচ ব্যবস্থার মাধ্যমে কৃষি ও মৎস্য সম্পদ উৎপাদন বৃদ্ধি। ৩। সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন। | ৮০৩ | ৮৩৪ | ১৬৩৭ | ৬০.৮৮ শতক ০১ কোটি ৩০ লক্ষ | ৯৫৭৪৪৬৮ | ৪৪৮০৪৮১৬ | ৪৮৭৬৮০০০ | - |
| ২ | অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ মূল নিবন্ধন নং-০১, তারিখ-০৯/০৫/১৯৯৬ সংশোধিত নিবন্ধন নং-০২, তারিখ-০১/০৭/২০১৩ | গ্রাম-গণকা, ডাকঘর-চাঁপাইনবাবগঞ্জ, উপজেলা-চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা-চাঁপাইনবাবগঞ্জ। | ১। সদস্যদের কাছ থেকে শেয়ার ও সঞ্চয় আদায়ের মাধ্যমে মূলধন গঠন। ২। ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন, সুষম সেচ ব্যবস্থার মাধ্যমে কৃষি ও মৎস্য সম্পদ উৎপাদন বৃদ্ধি। ৩। সদস্যদের প্রয়োজনে ঋণ সহায়তা প্রদান। | ১৩১১ | ৮২৬ | ২১৩৭ | ০.৫ শতক ২৫ লক্ষ | ২১০২০৫০ | ৫১২৩২১২৮ | ১৪৯৪২০০০ | - |

| নীট লাভ | লভ্যাংশ বিতরণের পরিমাণ | পরিশোধিত অডিট ফি এর পরিমাণ | পরিশোধিত সিডিএফ এর পরিমাণ | সামাজিক কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ | প্রশিক্ষিত সদস্য সংখ্যা | স্ব-কর্মসংস্থানের সংখ্যা | কর্মচারীর সংখ্যা | অনুমোদিত সার্ভিস রুল আছে কিনা | ছবি ক্যাপশনসহ (কমপক্ষে ০২টি) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ |
| ৩৯৯০২৭৩ | ১৪১৫০২০ | ১০০০০ | ৮৮৩১৫ | জমাকৃত শেয়ার সঞ্চয়ের টাকা থেকে স্বল্প সার্ভিস চার্জে সদস্যদের মাঝে ঋণ প্রদানের মাধ্যমে তাদেও স্বকর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা করা, নদী হতে ক্যানেলের মাধ্যমে পানি উত্তোলন করে জমিতে পানির ব্যবস্থা করা, সদস্যদের ছেলেমেয়েদের শিক্ষা সহায়তা, চিকিৎসা সহায়তা ও সদস্যদের মৃত্যুভাতা, মহিলাদের সেলাই মেশিন বিতরণ ও বিভিন্ন প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। | ১২৫ | ২৫০ | ০৬ | - | |
| ২৭৫৯৩০৯ | ২০৫৬৪৩ | ১০০০০ | ১০৫৩৬ | জমাকৃত শেয়ার সঞ্চয়ের টাকা থেকে স্বল্প সার্ভিস চার্জে সদস্যদের মাঝে ঋণ প্রদানের মাধ্যমে তাদেও স্বকর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা করা হয়। সদস্যদের ছেলেমেয়েদের শিক্ষা সহায়তা, চিকিৎসা সহায়তা ও সদস্যদের মৃত্যুভাতা, মহিলাদের সেলাই মেশিন বিতরণ ও বিভিন্ন প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। | ১৩২ | ৩১০ | ০৩ | - | |

# “দ্বারিয়াপুর পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর ছবি ”





মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছ থেকে কৃষি ক্যাটাগরীতে ২০১৭ সনের জাতীয় সমবায় পুরস্কার গ্রহন করছেন দ্বরিয়াপুর পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর সম্পাদক জনাব মোঃ কামাল আহম্মেদ রাজু।

দ্বারিয়াপুর পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর অস্বচ্ছল নারী ও পুরুষ সদস্যদের মাঝে বস্ত্র বিতরন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন অত্র সমিতির সাধারন সম্পাদক জনাব মোঃ কামাল আহম্মেদ রাজু।





দ্বারিয়াপুর পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর একজন পাম্প মেশিন চালক।

দ্বারিয়াপুর পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর অস্বচ্ছল নারী ওপুরুষ সদস্যদের মাঝে বস্ত্র বিতরন করছেন সাধারন সম্পাদক জনাব মোঃ কামাল আহম্মেদ রাজু ও অতিথিবৃন্দ

# “অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর ছবি”



অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর পক্ষে ২০১৪ইং সনে জাতীয় সমবায় পুরস্কার করেন তৎকালীন সম্পাদক



সেচ যন্ত্রটি পরিচালনার করছেন সমিতিটির একজন দক্ষ কর্মচারী



সমিতির কৃষক সদস্যগন মাঠে কাজ করছেন



দরিদ্র সদস্যদের মেধাবী ছেলে-মেয়েদের বিনামূল্যে বই ও শিক্ষা সামগ্রী বিতরন করছেন সমিতির সভাপতি জনাব মোঃ আবুল কালাম শামসুদ্দিন

জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এর আওতাধীন উপজেলা কার্যালয় সমূহের ২০২২-২০২৩ অর্থ বছরের এপিএ এর বার্ষিক মূল্যায়নঃ-

| ক্রঃ নং | কার্যালয়ের নাম | কর্মসম্পাদন ক্ষেত্র অংশের প্রাপ্ত স্কোর (পূর্ণমান: ৭০) | সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমসমূহের প্রাপ্ত স্কোর (পূর্ণমান: ৩০) | | | | | | এপিএ'তে প্রাপ্ত সার্বিক স্কোর (পূর্ণমান: ১০০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | শুদ্ধাচার কর্মপরিকল্পনায় প্রাপ্ত স্কোর (পূর্ণমান: ১০) | ই-গভঃ ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় প্রাপ্ত স্কোর (পূর্ণমান: ১০) | জিআরএস কর্মপরিকল্পনায় প্রাপ্ত স্কোর (পূর্ণমান: ০৪) | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় প্রাপ্ত স্কোর (পূর্ণমান: ০৩) | তথ্য অধিকার কর্মপরিকল্পনায় প্রাপ্ত স্কোর (পূর্ণমান: ০৩) | ৫টি কম্পোনেন্টে প্রাপ্ত স্কোর (পূর্ণমান: ৩০) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ০১ | উপজেলা সমবায় কার্যালয়, শিবগঞ্জ | ৬৮.৭৩ | ৮.৬০ | ৮.৮০ | ৩.১৫ | ২.০৪ | ১.৮৩ | ২৪.৪২ | ৯৩.১৫ |
| ০২ | উপজেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ সদর | ৬৯.২৫ | ৯.০৬ | ৭.৩০ | ৩.১০ | ২.৪০ | ১.৩৬ | ২৩.২২ | ৯২.৪৭ |
| ০৩ | উপজেলা সমবায় কার্যালয়, নাচোল | ৬৭.৬০ | ৭.৮০ | ৭.৮০ | ২.১৫ | ১.৮৩ | ১.১২ | ২০.৭০ | ৮৮.৩০ |
| ০৪ | উপজেলা সমবায় কার্যালয়, গোমস্তাপুর | ৬৬.০০ | ৮.৩০ | ৮.০১ | ২.৪১ | ১.৭৪ | ১.৫২ | ২১.৯৮ | ৮৭.৯৮ |
| ০৫ | উপজেলা সমবায় কার্যালয়, ভোলাহাট | ৬৫.৮০ | ৮.৭০ | ৬.৯০ | ২.৮৯ | ১.৪১ | ১.৭৭ | ২১.৬৭ | ৮৭.৪৭ |

(মোঃ আকরাম হোসেন)
এপিএ টিম লিডার ও জেলা সমবায় অফিসার
জেলা সমবায় কার্যালয়,
চাঁপাইনবাবগঞ্জ।

## বার্ষিক কার্যক্রমের স্থির  স্থির চিত্রঃ

২০২২-২০২৩ সনের এপিএ চুক্তি






জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক আয়োজিত বিভিন্ন কার্যক্রমের স্থির চিত্র






<u>জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক প্রশিক্ষণের স্থির চিত্র</u>







জাতীয় শুদ্ধাচার কর্ম-কৌশল পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কর্মকর্তা ও কর্মচারীদের
সুশাসন সংক্রান্ত
প্রশিক্ষণ
আয়োজনে: জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।


বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সুশাসন ও সংস্কারমূলক অংশের আলোকে
"সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক"
প্রশিক্ষণ
আয়োজনে ঃ জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
AKHTARUL


বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সুশাসন ও সংস্কারমূলক অংশের আলোকে
"কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা
এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক"
প্রশিক্ষণ
আয়োজনে ঃ জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।


বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সুশাসন ও সংস্কারমূলক অংশের আলোকে
ই-গভর্ন্যান্স, উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত
প্রশিক্ষণ
আয়োজনেঃ জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
AKHTARUL

# ৫১তম জাতীয় সমবায় দিবসের কিছু স্থির চিত্র।






# জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক প্রদত্ত সেবা সমূহঃ

**ক) সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত - ২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা/২০০৪(সংশোধনী ২০২০)এর আওতায় সেবা সমূহ ঃ-**

- অত্র দপ্তরের আওতায় সকল প্রকার প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধন, উপ-আইন সংশোধন নিবন্ধন এবং নিবন্ধন বাতিল করন।
- প্রাথমিক সমবায় সমিতিগুলোকে অবসায়নে ন্যাস্ত, অবসায়ক নিয়োগ এবং সমিতির নিবন্ধন বাতিল অথবা অবসায়ন কার্যক্রম বন্ধ রেখে সমিতির অস্তিত্ব বহাল রাখার আদেশ প্রদান।
- প্রাথমিক সমিতির ব্যবস্থাপনা কমিটির যে কোন বা সকল সদস্যকে বহিস্কার অথবা সম্পূর্ণ কমিটি ভেঙ্গে দেয়া এবং অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের মাধ্যমে কমিটি পূনর্গঠন করা।
- প্রাথমিক সমিতির ব্যবস্থাপনা কমিটির এক তৃতীয়াংশ সদস্য নিয়োগ দান।
- জেলার সকল কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল আদায়ের ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ।
- প্রাথমিক সমিতির অডিট ফি আংশিক হ্রাস বা সম্পূর্ণ মওকুফ করা।
- জেলার সকল কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির পরিদর্শন।
- সকল প্রাথমিক সমবায় সমিতির কার্যক্রম তদন্ত ও তদন্তের পরিপ্রেক্ষিতে আইনানুগ ব্যবস্থা গ্রহণ।
- প্রাথমিক সমবায় সমিতির সদস্য/ জামিনদারগনকে বকেয়া ঋণ পরিশোধের জন্য নির্দেশ প্রদান।
- সকল প্রাথমিক সমবায় সমিতির ব্যবস্থাপনা নিয়ন্ত্রন, অডিট সম্পাদন, অডিট প্রতিবেদন পর্যালোচনা এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন।
- জেলাধীন সমবায় বিভাগীয় সকল প্রকল্প গ্রহণ এবং ঋণ দাদন ও আদায়ের তদারকীকরণ।
- প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে বিক্রয় কর্মকর্তা নিয়োগ।
- যে সকল সমবায় সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার বেশি, সে সকল সমিতির নির্বাচন কমিটি ও অন্তবর্তী ব্যবস্থা কমিটির নিয়োগ দান।
- সমবায় সমিতি সম্পর্কীত তথ্যাদি প্রদান, প্রশিক্ষণ/ ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট কর্তৃক প্রশিক্ষণ প্রদান, সমবায় একাডেমী ও আঞ্চলিক লোক প্রশাসন কেন্দ্র এবং আঞ্চলিক সমবায় প্রশিক্ষনায়তনে প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন ও প্রেরণ নিশ্চিতকরণ।
- সমবায় সমিতির গঠন, সঞ্চয় ও আত্মকর্মসংস্থান এবং সমবেত প্রচেষ্টার মাধ্যমে ব্যক্তি/ গোষ্ঠির উদ্বুদ্ধকরণ এবং সমিতির কার্যাদি পরিচর্যাকরণ।
- জাতীয় ও আন্তর্জাতিক সমবায় দিবস উদ্‌যাপন, সমবায়ের মাধ্যমে জনসেবা, বৃক্ষরোপন ও পানি ব্যবস্থাপনা কমিটি গঠন ।
- সমবায়ের মাধ্যমে স্থানীয় সম্পদ ব্যবহার করে প্রকল্প গ্রহণ, উহা বাস্তবায়নে উদ্বুদ্ধকরণ ও পৃষ্টপোষকতার মাধ্যমে দারিদ্র নিরসন ও আর্থ সামাজিক উন্নয়ন।

**খ) বিচারিক সেবা সমূহঃ**

- প্রাথমিক সমবায় সমিতির নির্বাচন বিষয়ে বিরোধ/ ডিসপুট মামলার আপীলাত কর্তৃপক্ষ হিসেবে শুনানী গ্রহণ ও সিদ্ধান্ত প্রদান।
- বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে উপ- সহকারী নিবন্ধককে শালিসকারী হিসেবে নিয়োগ দান।

- শালিসকারীর প্রদত্ত সিদ্ধান্তের বিরুদ্ধে সংক্ষুদ্ধ পক্ষ কর্তৃক আপীল করলে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ও সময়ে উহা নিষ্পত্তি করণ।

**<u>গ) প্রশাসনিক সেবা সমূহঃ</u>**

- প্রচলিত নিয়মনীতি অনুসরণ করতঃ জেলা সমবায় অফিসার কর্তৃক তার অধীক্ষেত্রের মাধ্যমে ক্ষমতানুযায়ী সহকারী পরিদর্শক, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ও অফিস সহায়ক গনের বদলীকরণ।
- অফিস সহায়ক গনের অর্জিত ছুটি, এল.পি.আর. থোক মঞ্জুরী, পেনশন অনুমোদন ও নিষ্পত্তিকরণ, জি.পি.এফ অগ্রীম ও জি.পি.এফ চুড়ান্ত উত্তোলন।
- সকল ৪র্থ শ্রেণির কর্মচারীদের সরকারী কর্মচারী ( শৃঙ্খলা ও আপীল) বিধিমালা'১৯৮৫ অনুযায়ী লঘুদন্ড প্রদান।
- ৪র্থ শ্রেণির কর্মচারীদের অর্জিত ছুটি ও শ্রান্তিবিনোদন ছুটি মঞ্জুর।
- ৪র্থ শ্রেণির কর্মচারীদের দক্ষতাসীমা অতিক্রম, টাইমস্কেল, কল্যাণ তহবিল সংক্রান্ত নিষ্পত্তিকরণ, ভ্রমণ ভাতা বিল সংক্রান্ত যাবতীয় কার্য সমাধা ও চাকরী স্থায়ী সম্পর্কিত যাবতীয় সেবা।
- পরিদর্শক পদের নিম্নের সকল ৩য় শ্রেণির কর্মচারীদের জি.পি.এফ ১ম, ২য়, ৩য় ও অফেরৎযোগ্য অগ্রীম মঞ্জুর করণ।
- পরিদর্শক পদের নিম্নের সকল ৩য় শ্রেণির কর্মচারীদের দক্ষতাসীমা অতিক্রমের আদেশ প্রদান।
- অত্র কার্যালয় ও এর আওতাধীন উপজেলা সমবায় কার্যালয়সমূহে কর্মরত সকল ২য় ও ৩য় শ্রেণির কর্মকর্তা/ কর্মচারীদের টাইমস্কেল/ সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশকরণ।
- ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মকর্তা/ কর্মচারীদের কল্যাণ তহবিলের নিষ্পত্তিকরণ।
- সকল কর্মকর্তা/ কর্মচারীদের ভ্রমণ ভাতা বিষয়ের যাবতীয় কার্যক্রম নিষ্পত্তিকরণ।
- সকল অভিযোগ তদন্তকরণ।

**<u>ঘ) আন্তঃ বিভাগীয় সমন্বয়ের মাধ্যমে সেবা ঃ</u>**

- জেলা প্রশাসন ও অন্যান্য জেলা পর্যায়ে কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ র ক্ষা, জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটিতে সমবায় সংক্রান্ত সমস্যা উপস্থাপন ও সমাধানের ব্যবস্থাকরণ।
- নিবন্ধক - মহাপরিচালক ও সকল উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ নির্দেশ পালন করা ।

* বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন।
* সমবায় শক্তি; সমবায়ই মুক্তি
* সমবায়ের দর্শন; টেকসই উন্নয়ন
* চারিদিকে একি শুনি; সমবায়ের জয়ের ধনি
* দশের লাঠি একের বোঝা; সমবায়ের পথটি সোজা
* সততাই শক্তি; সমবায়েই মুক্তি
* একতা ও সততা; সমবায়ের মূল কথা
* সমবায়ে কাজ কর; সবাই মিলে দেশ গড়
* সমবায়ের ক্ষুদ্র ঋণ; আনবে মোদের সুখের দিন
* মাঠে মাঠে সোনার ধান; সমবায়ের অবদান
* দুঃখ জয়ের নবীন মন্ত্র ; সমবায় সমবায়
* দশে মিলে গড়তে হবে দেশটাকে ভাই;
  সমবায় ছাড়া আর কোন বিকল্প যে নাই।